

নিজেকে গণ্ডার মনে হয়

■ সেলিম মুস্তাফা

একদিন টের পেলাম আমার কোনো জ্ঞান নেই
কেবল জঞ্জাল
কোনো প্রতিবাদ নেই, ঘরে
বিভিন্ন পেরেকে সাজানো অজস্র টুপি
কোনোটা গোল তো কোনোটা চৌকোণা
টুপি ছাড়া আমি বেরোতে পারি না
হৃদয়ের আকার কেমন জানা নেই বলে
ওখানে কোনো টুপি পরি না

রক্ত দান করার পর
ওরা আমার হাতে একটা আপেল দিয়ে বলল-
এটা অমূল্য, এটা মহৎ,
কখনো চিবিয়ে খেয়ো না !

ফ্লাইং কিস্ দিল ঠোঁটের কোনো ক্ষতি হয় না
আপেল চুষতে চুষতে আমার ঠোঁট এত মোটা হয়েছে যে
নিজেকে গণ্ডার মনে হয়
শহরে অনেকেই আমাকে ক্লোন করেছে
প্রকৃতপক্ষে আমার কোনো ভাই নেই বোন নেই

আরও গভীর জঙ্গলে আমি যেতে চাই

